

## নিরীক্ষার পরিধি

১৯৭৫ সালের ১৪নং আইন দ্বারা সংশোধিত ১৯৭৪ সালের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব) আইন-এর ৫ ধারা অনুযায়ী জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন নিম্নোক্ত আধা-সরকারী বাণিজ্যিক এবং রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানসমূহের হিসাব নিরীক্ষার দায়িত্ব বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের উপর অর্পিত হইয়াছে :

- ১। বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন এবং উহার অধীনস্থ প্রতিষ্ঠানসমূহ।
- ২। বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এবং উহার অধীনস্থ প্রতিষ্ঠানসমূহ।

বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক-এর পক্ষে বাণিজ্যিক অডিট অডিগরের মহাপরিচালক কর্তৃক উক্ত প্রতিষ্ঠানসমূহের হিসাব নিরীক্ষা কার্য পরিচালনা করা হয়।

সংশ্লিষ্ট সংবিধিগুলির শর্তানুসারে কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত সনদপ্রাপ্ত হিসাব পরীক্ষকগণ কর্তৃক উক্ত প্রতিষ্ঠানসমূহের হিসাব বিস্তারিত নিরীক্ষা করা হয়।